

দৈনিক ইত্তেফাক

প্রতিষ্ঠাতা ওয়াহিদুল হোসেন দৈনিক মিত্র

জবিতে ভর্তি জালিয়াতি চার শিক্ষার্থী আটক



০৮ মার্চ, ২০১৮ ইং ০০:০০ মিঃ

জবি সংবাদদাতা

জগন্নাথ বিশ্ববিদ্যালয় ২০১৭-১৮ ভর্তি শিক্ষাবর্ষে টাকার বিনিময়ে অন্য শিক্ষার্থী দিয়ে ভর্তি পরীক্ষায় প্রস্তুতি দেওয়ার প্রমাণ পাওয়ায় চার শিক্ষার্থীকে আটক করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। এর মধ্যে গত মঙ্গলবার সন্ধ্যায় তিন শিক্ষার্থীকে বিশ্ববিদ্যালয় প্রক্টর অফিসের মাধ্যমে কোতোয়ালি থানায় সোপর্দ করা হয়। অন্যদিকে গত রবিবার আটক হওয়া এক শিক্ষার্থীকে ২ দিনের রিমান্ডে নিয়েছে পুলিশ। আটককৃত শিক্ষার্থী হলেন ভূমি আইন ব্যবস্থাপনা বিভাগের প্রথম বর্ষের শিক্ষার্থী কালাম আহমেদ ও এলিন শেখ, রাষ্ট্রবিজ্ঞান বিভাগের প্রথম বর্ষের শিক্ষার্থী আশিকুর রহমান ও লোকপ্রশাসন বিভাগের প্রথম বর্ষের শিক্ষার্থী রাজু আহমেদ।

প্রশাসনের কড়া নজরদারির মধ্যেও আটক শিক্ষার্থীরা ভেরিফিকেশনের প্রাথমিক ধাপগুলো টপকে যাওয়ায় বিশ্ববিদ্যালয়ের নিরাপত্তা ব্যবস্থা নিয়ে ক্ষোভ প্রকাশ করেছে সাধারণ শিক্ষার্থীরা।

প্রক্টর অধ্যাপক ড. নূর মোহাম্মদ বলেন, প্রস্তুতি দিয়ে ভর্তির অভিযোগে তিন শিক্ষার্থীর বিরুদ্ধে মামলা দিয়ে কোতোয়ালি থানায় সোপর্দ করা হয়েছে। কোতোয়ালি থানার ওসি মশিউর রহমান জানান, ভর্তি জালিয়াতির অভিযোগে তিন শিক্ষার্থীর বিরুদ্ধে মামলা হয়েছে। মূল হোতাদের আটকের চেষ্টা করা হচ্ছে।

ভারপ্রাপ্ত সম্পাদক: তাসমিমা হোসেন।

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

© প্রকাশক কর্তৃক সর্বস্বত্ত্ব সংরক্ষিত